

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯২৬

২০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ আল্লাহর খাছ বান্দাদের জ্বরের ব্যথা দিগুণ হয়, যাতে তারা এজন্য পরকালে পরিপূর্ণ প্রতিদান পান

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَخْصُوصِينَ يُضَاعَفُ عَلَيْهِمْ أَلَمُ الْحُمَّى لِيَسْتَوفُوا عَلَيْهَا التَّوَابَ فِي الْعُقْبَى

## আরবী

2926 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ وَعُتْمَانُ بْنُ الْبَيْ عِنِ الْحَارِثِ بْنِ سُويْدٍ عَنِ أَبِي شيبة قالا: حدثنا مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنِ الْحَارِثِ بْنِ سُويْدٍ عَنِ الْبِي مَسْعُودِ قَالَ: دَخَلْتُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فمسِسْتُهُ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّكُ لَتُوعَكُ وَعْكًا شَدِيدًا فَقَالَ: (أَجَلْ إِنِّي أُوعَكُ مَا يُوعَكُ رَجُلَانِ مِنْكُمْ) قُلْتُ: إِنَّ لَكَ إِنَّكُ لَتُوعَكُ وَعْكًا شَدِيدًا فَقَالَ: (أَجَلْ إِنِّي أُوعَكُ مَا يُوعَكُ رَجُلَانِ مِنْكُمْ) قُلْتُ: إِنَّ لَكَ أَجْرَيْنِ؟ قَالَ: رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَجَلْ) ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَجَلْ) ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَجَلْ) ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَجَلْ) ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا عَلَى الْأَرْضِ مُسْلِمٌ يُصِيبُهُ أَذًى ـ مِنْ مَرَضٍ فَمَا عَلَى اللَّهُ عَنْهُ خَطَايَاهُ كَمَا تحط الشجرة ورقها)

الراوي: ابن مَسْعُودٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2926 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2047): ق.

## বাংলা

২৯২৬. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে প্রবেশ করি। অতঃপর তাঁকে স্পর্শ করে বলি, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনার তো প্রচন্ড জ্বর!" জবাবে তিনি বলেন, "হ্যাঁ। আমার তোমাদের দুইজন ব্যক্তির সমান জ্বর হয়েছে।" আমি বললাম, "তবে নিশ্চয়ই আপনার জন্য দ্বিগুণ সাওয়াব হবে।" জবাবে তিনি বলেন, "হ্যাঁ।" তারপর তিনি বলেন, "ঐ সন্তার কসম, যার হাতে আমার প্রাণ, পৃথিবীর উপর যে কোন মুসলিম ব্যক্তির জ্বর বা অন্য কোন ভাবে কন্ট হলে, তবে আল্লাহ এর বদৌলতে তার পাপসমূহ মোচন করে দেন, যেভাবে গাছ তার পাতা



ঝরায়।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩৮১; সহীহ মুসলিম: ২৫৭১; সুনান বাইহাকী: ৩/৩৭২; সহীহুল বুখারী: ৫৬৪৭; দারেমী: ২/৩১৬।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২০৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন